চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-০১এপ্রিল ২০১৮ খ্রি.

১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সুধি সমাবেশে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম নগরীকে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্ত করে আদর্শ নগরীতে উন্নিত করা হবে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, মাদকসেবি,সন্ত্রাসী ও জঙ্গীদের চিহ্নিত করে তাদের ছবি ও নাম ঠিকানা গণমাধ্যম সহ সর্বত্র প্রকাশ ও প্রচার করে সামাজিকভাবে তাদেরকে প্রতিহত করার পরিকল্পনা বাস্তবায়ন করা হবে। । ০১ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, সকালে ১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডস্থ লাকী স্কয়ারে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আয়োজনে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। স্থানীয় কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরীর সভাপতিত্বে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম এর সঞ্চালনায় অনুষ্ঠিত সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন কক্সবাজার থেকে নির্বাচিত সংসদ সদস্য সাইমন সরওয়ার কমল, ২৭ নং ওয়ার্ড কাউন্সিলর ও আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এইচ এম সোহেল, আবুল হাশেম,এস এম এরশাদ উল্লাহ, চসিক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার, স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ)জাহানারা ফেরদৌস, পাহাড়তলী থানার অসি রফিকুল ইসলাম,এরশাদুল আমিন,ওয়াহিদুল আমিন,জয়নাল আবদীন চৌধুরী, আবুল বশর, শাহজাহান,সুমন দেবনাথ,কাজী মিনহাজ উদ্দিন, জাহাঙ্গীর আলম চৌধুরী,সুজিত দাশ,এমদাদুল ইসলাম, মাওলনা খালেক মিয়া,ডা. সুমন তালুকদার, রাধারানী দেবী, আফগানী বাবু, জাহেদ হোসেন, আবদুল খালেক ভুইয়া, মাও. মুফতি ইসলাম, টিটু দাশ,মনির উদ্দিন, মাওলানা মো. ইউসুফ, মাওলানা উসমান, মাওলনা সাদেকুর রহমান, মাওলনা নাজিম উদ্দিন, ফরিদ উদ্দিন চৌধুরী, ইকবাল, ইসলাম কন্ট্রা. আরাফাত রুবেল, বাবুল দাশ সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও নানা শ্রেনী পেশার প্রতিনিধিরা তাদের মতামত উপস্থাপন করেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র আ জ ম নাছির উদ্দীন আরো বলেন মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে প্রতিটি ওয়ার্ডে কাউন্সিলর ও সংরক্ষিত কাউন্সিলরদের নেতৃত্বে সকল দল ও পেশার প্রতিনিধিদের নিয়ে কমিটি গঠন করা হবে। গঠিত কমিটি ১৫ দিন অন্তর অন্তর বৈঠক করে সংশ্লিষ্ট ওয়ার্ডে সন্ত্রাসী,জঙ্গী ও মাদক সেবী ও বিক্রেতা সংক্রান্ত তথ্য উপাদ্য সংগ্রহ করে পুলিশ প্রশাসনের নিকট হস্তান্তর করবে। এভাবে প্রতিটি ওয়ার্ডে ওয়ার্ডে প্রতিরোধ গড়ে তুলে চট্টগ্রাম নগরীকে মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্ত করে আদর্শ নগরীতে উন্নিত করা হবে।তিনি বলেন,মানুষ যখন অপরাধে জড়িয়ে ভয়ঙ্কর রূপ ধারন করে, তখন সে বে-পরোয়া হয়। এ ধরনের ব্যক্তিরা অপরাধ করতে দ্বিধাবোধ করে না

চট্টগ্রাম-০১এপ্রিল ২০১৮ খ্রি.

১১ ও ২৬ নং ওয়ার্ডে প্রায় ১২ কোটি টাকার উন্নয়ন কাজের শুভ উদ্বোধন করলেন মেয়র

চট্টগ্রামকে বিশ্বমানের বাসপোযোগী নান্দনিক শহর গড়ার প্রত্যয় বাস্তবায়ন করা হবে। এডিপির অর্থায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১১ নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ডে ২ কোটি ৫৬ লক্ষ ৭৫ হাজার টাকা ব্যয়ে সমাপ্ত এ ব্লক ২ নং রোডের উন্নয়ন এবং ৩ কোটি ৫৪ লক্ষ ৭৫ হাজার টাকা ব্যয়ে সমাপ্ত আই ব্লক কালভার্ট নির্মাণ কাজ ফলক উম্মোচন করে এবং ২৬ নং ওয়ার্ডে ৪ কোটি ৭৮ লক্ষ ৯৩ হাজার ২ শত টাকা ব্যয়ে নতুন পাড়া,সুন্দরী পাড়া, সিএসডি গোডাউন হতে বিজিবি,পূর্ব সুন্দরী পাড়া চৌচালা হতে বেড়িবাঁধ, এম এ আজিজ পাড়া, মোল্লাপাড়া,নয়াপাড়া,পাঁচঘর পাড়া-বি ব্লক বাই লেইন পর্যন্ত ড্রেইন নির্মাণ প্রকল্পের কাজ সমুহের ফলক উম্মোচন করে শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। তিনি ০১ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার দুপুরে এ সকল উন্নয়ন কাজের সমাপ্তি এবং শুরুর ফলক উম্মোচন শেষে মোনাজাত করেন। উন্নয়ন কাজের পৃথক ২টি সুধি সমাবেশ স্থানীয় কাউন্সিলর মোরশেদ আকতার চৌধুরী ও আবুল হাশেম সভাপতিত্ব করেন। এসময় কাউন্সিলর এস এম এরশাদ উল্লাহ, এইচ এম সোহেল, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিনা খানম, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী বিপ্লব দাশ, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, উপ সহকারী প্রকৌশলী মো. শহীদ উল্লাহ, আলাউদ্দিন মো. ফাহাদ চৌধুরী সহ স্থানীয় আওয়ামীলীগ,আওয়ামীলীযুবলীগ,আওয়ামী স্বেচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সুধি সমাবেশে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন,তাঁর মেয়াদের মধ্যে নগরীর অলিগলি রাজপথ সম্পুর্ন পাকা করা হবে এবং এলইডি লাইটিং এর মাধ্যমে নগরীকে আলোকিত করা হবে। তিনি বলেন, তার ভিশন অনুযায়ী চট্টগ্রামকে নান্দনিক সাজে সাজানো হচ্ছে। এ কার্যক্রমের আওতায় সৌন্দর্যবর্ধন কার্যক্রম অব্যাহত আছে। চট্টগ্রামকে বিশ্বমানের বাসপোযোগী নান্দনিক শহর গড়ার প্রত্যয় বাস্তবায়ন করা হবে। মেয়র বলেন, মেগাসিটির কনসেপ্ট থেকে নগর উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে। তিনি নিয়মিত পৌরকর দিয়ে উন্নয়ন কার্যক্রম গতিশীল রাখতে নাগরিকদের প্রতি আহ্বান জানান।

চট্টগ্রাম-০১এপ্রিল ২০১৮ খ্রি.

নগরীর ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও পুলিশ এর ট্রাফিক বিভাগের একান্ত বৈঠক অনুষ্ঠিত

চট্টগ্রাম নগরীর ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও পুলিশ এর ট্রাফিক বিভাগের একান্ত বৈঠক ১ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, বিকেলে চসিক নগরভবনের সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বৈঠকে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবুল হোসেন, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মো. মাহফুজুল হক, প্রধান পরিকল্পনাবিদ স্থপতি এ কে এম রেজাউল করিম, তত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন, মুনিরুল হুদা, আবু ছালেহ, কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী অসিম বড়ুয়া,সিএমপি ট্রাফিক বিভাগের অতিরিক্ত পুলিশ কমিশনার কুসুম দেওয়ান, উপ পুলিশ কমিশনার (দক্ষিণ) এস এম মোস্তাইন হোসেন বিপিএম, এডিসি (উত্তর) ওয়াহিদুল হক চৌধুরী, এডিসি পোর্ট মো. আকরামুল হোসেন, এসি বন্দর মো. মোশারফ হোসেন, এসি দক্ষিণ সুলতান মোহাম্মদ আলী খান, টিআই প্রশাসন বন্দর বিভাগ আবুল কাশেম চৌধুরী, টিআই প্রশাসন উত্তর সুভাষ চন্দ্র দে উপস্থিত ছিলেন। বৈঠকে ট্রাফিক বন্দর বিভাগের ইপিজেড মোড়-গোল চত্বর ভেঙ্গে স্থায়ী ডিভাইডার নির্মাণ করে রেলিং দেয়া, রেলিং সম্প্রসারন,ফুটপাতে রেলিং দেয়া, নতুন ২টি ফুট ওভারব্রিজ নির্মাণ, বিদ্যমান ফুট ওভারব্রীজ সম্প্রসারন, পোর্ট কানেকটিং রোড দ্রুত সংস্কার করে চলাচলের উপযোগী করা, আগ্রাবাদ এক্সেস রোড দ্রুত সংস্কার করে চলাচলের উপযোগী করা, দেওয়ানহাট মোড় ফুট ওভার ব্রীজ নির্মাণ, বাদাম তলী মোড় ওভার ব্রীজ নির্মাণ, গোসাইলডাঙ্গা ওভার ব্রীজ নির্মাণ, চৌমুহনী হতে বেপারী পাড়া রাস্তা প্রশস্তকরন সহ স্থায়ী ডিভাইডার নির্মাণ, বেপারীপাড়া মোড় হতে লাকী প্লাজা মোড় পর্যন্ত স্থায়ী ডিভাইডার নির্মাণ, মুরাদপুর হতে অক্সিজেন মোড় রোড দ্রুত সংস্কার, পলিটেকনিক্যাল মোড় হতে খুলশী রোড দ্রুত সংস্কার, জিইসি মোড় ওভার ব্রীজ নির্মাণ, ষোলশহর ২ নং গেইট ওভার ব্রীজ নির্মাণ, মুরাদপুর ওভার ব্রীজ নির্মাণ, নিউমার্কেট চারদিকে ওভার ব্রীজ নির্মাণ, কাজী নজরুল ইসলাম রোড কর্পেটিং করন, ওআরনিজাম রোডে স্থায়ীভাবে ডিভাইডার নির্মাণ , চট্টেশ্বরী মন্দির মোড় হতে কাজীর দেউরী মোড় পর্যন্ত স্থায়ী ডিভাইডার নির্মাণ, ট্রাফিক বিভাগ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর চিহ্নিত স্থানে পার্কিং, অটোমেশন ও সিসি ক্যামেরা স্থাপন, কাজীর দেউড়ী মোড়ে পুলিশ বক্স, রেজিস্ট্রেশনবিহীন রিকশা ভ্যান ও ঠেলাগাড়ীর বিরুদ্ধে অভিযান, হকার উচ্ছেদ ও ৪ টি আর্চওয়ে গেইট সহ নানাবিধ বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন